

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০  
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(২)/২০২৪-১১৪৮

তারিখ: ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রি.

## বিজ্ঞপ্তি


(মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত)

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে গত ২৮ নভেম্বর ২০২৪ খ্রি. হতে চলমান ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ১ম, ২য় ও ৩য় বর্ষ লিখিত পরীক্ষা ১৯ ডিসেম্বর ২০২৪ খ্রি. শেষ হবে। উক্ত পরীক্ষার মৌখিক ও ব্যবহারিক পরীক্ষক (Internal ও External) নির্ধারিত ছকে (সফট কপি/ওয়ার্ড ফাইল) তালিকা আগামী ১২ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে কাউন্সিলে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রেরিত তালিকা কাউন্সিল হতে অনুমোদন সাপেক্ষে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে। উক্ত তালিকা প্রয়োজনে কাউন্সিল হতে সংশোধনযোগ্য।

২। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা ২২ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ হতে শুরু করে ০৯ জানুয়ারি ২০২৫ খ্রি. মধ্যে শেষ করতে হবে।

৩। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করে পরীক্ষক কর্তৃক টপশীটে বিষয়, গ্রুপ উল্লেখ পূর্বক নম্বরপত্র পৃথক পৃথক খামে বন্ধ করে গোপনীয় লিখে সীলগালা/কস্টেপ অবস্থায় পরীক্ষকের পূর্ণ নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর স্পষ্ট অক্ষরে লিখে কেন্দ্র প্রধান/ কেন্দ্রসচিব/ ভেন্যু ইনচার্জগণ এর নিকট জমা দিবেন। রেজাল্ট দ্রুত সময়ের মধ্যে প্রকাশ করার স্বার্থে প্রধান/কেন্দ্রসচিব/ভেন্যু ইনচার্জগণ একত্রে ফরওয়ার্ডিং সহ ১২ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখের মধ্যে কাউন্সিলে উপস্থিত হয়ে সরাসরি পৌছানো নিশ্চিত করতে হবে।

তালিকা প্রেরণের ঠিকানা: [bnmc.examination@gmail.com](mailto:bnmc.examination@gmail.com)

  
হালিমা আক্তার  
রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
ই-মেইল: [bnmc.examination@gmail.com](mailto:bnmc.examination@gmail.com)

### বিতরণঃ

- ১। কেন্দ্র প্রধান/ কেন্দ্র সচিব/ ভেন্যু ইনচার্জ . . . . .
- ২। অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট . . . . .

### অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২. ভাইস-প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং অতিরিক্ত সচিব ( চিশি) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি-বিএনএমসি এবং পরিচালক (চিশি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬. সিনিয়র সহকারি সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৭. কেন্দ্র সচিব/কেন্দ্র প্রধান/ ভেন্যু ইনচার্জ. . . . .
৮. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট, . . . . .
৯. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
১০. পরীক্ষা ডেস্ক, বিএনএমসি।
১১. হিসাব রক্ষক, বিএনএমসি।
১২. জনাব/ বেগম . . . . .